165

তারিখ 16 SEP 1990
পৃষ্ঠা ৩ কলাম ২

অবৈধ পন্থায় ভর্তি

# ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তদন্ত কমিটি

।। স্টাফ রিপোর্টার ।।

দৈনিক খবরে প্রকাশিত 'অবৈধ পন্থায় ভর্তি' শীর্ষক প্রতিবেদন সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বলেছেন, বিষয়টি তদন্তের জন্য তিন সদস্যবিশিষ্ট কমিটি করা হয়েছে এবং তদন্ত শেষে পূর্ণ বিবরণ সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক বিবৃতিতে বলা হয়, অবৈধ ভর্তি সংক্রান্ত বিষয় সম্পর্কে একটি সূত্র থেকে খবর পাওয়ার পরই উপাচার্য রেজিস্ট্রারকে এ বিষয়ে তদন্ত করতে বলেন। ইতিমধ্যে অনুরূপ আরও কয়েকটি অভিযোগ পাওয়া যায়। তাই সম্পূর্ণ বিষয়টি তদন্ত করে দেখার জন্য গত ১৩ই সেপ্টেম্বর উপাচার্য তিন সদস্যবিশিষ্ট কেটি কমিটি গঠন করেছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অত্যন্ত স্পষ্ট ভাষায় জানতে চায় যে, যদি কোনভাবে কোন অবৈধ ভর্তি হয়ে থাকে তবে তা বাতিল করা হবে। তদন্ত শেষে এই বিষয়ে পূর্ণ বিবরণ সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হবে।